



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১২৬

তারিখঃ ০৪.০৬.২০২২

প্রেস বিজ্ঞপ্তিঃ

“জাতিসংঘ প্রণীত ‘Handbook on National Human Rights Plans of Action’ এর আলোকে বাংলাদেশের মানবাধিকার সুরক্ষা, উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধিকরণে খুব শীঘ্রই মানবাধিকার বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে। পাশাপাশি, কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/ বিভাগকে আন্তরিকভাবে কাজ করতে হবে।”- ০৪ জুন ২০২২ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত সরকারের সচিবগণের সাথে মানবাধিকার বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম। সভায় বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের সিনিয়র সচিব, সচিব, অতিরিক্ত সচিবগণ উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি। বক্তব্য রাখেন কমিশনের সার্বক্ষণিক সদস্য ড. কামাল উদ্দিন আহমেদ, সদস্য জেসমিন আরা বেগম, সরকারের সচিবগণ।

নাছিমা বেগম, এনডিসি বলেন, “জাতীয় মানবাধিকার কমিশনের উদ্যোগে বাংলাদেশের মানবাধিকার সুরক্ষা, উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধিকরণে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে। এ কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সামগ্রিকভাবে বাংলাদেশে মানবাধিকার সংস্কৃতি প্রতিষ্ঠা, মানবাধিকার লঙ্ঘন প্রতিরোধ, সুরক্ষা ও উন্নয়ন এবং জনমানুষের অধিকার নিশ্চিত হবে বলে প্রত্যাশা করে কমিশন”। পাশাপাশি, United Nations Guiding Principles on Business and Human Rights- 2011 (UNGPs) আলোকে ‘ব্যবসা ও মানবাধিকার’ বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নে প্রাকপ্রস্তুতি সভা হিসেবে উক্ত মতবিনিময় সভা আয়োজন করা হয়। এছাড়া, সম্প্রতি নারীর প্রতি সহিংসতা, ধর্ষণ ও হামলার ঘটনা বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে পরিস্থিতি উত্তোরণের জন্য ধর্ষণের কারণ চিহ্নিতকরণসহ তা নিরসনের উপায়সমূহ খুঁজে বের করার জন্য কমিশন কর্তৃক গঠিত “ন্যাশনাল ইনকোয়ারি কমিটি” সুপারিশসমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি।

কমিশনের চেয়ারম্যান স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কমিশন প্রেরিত বিভিন্ন সুপারিশ বাস্তবায়নের তাগিদ দেন এবং কমিশন চাহিত প্রতিবেদন দ্রুততার সাথে প্রেরণের আহ্বান জানান। এ প্রেক্ষাপটে মানবাধিকার সুরক্ষায় জাতীয় মানবাধিকার কমিশনকে সর্বাঙ্গিক সহায়তা করার আশ্বাস প্রদান করেন মন্ত্রিপরিষদ সচিব এবং অন্যান্য সচিবগণ।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৩১৩৭৬৮৪০৪